






## ২৫ তম জাতীয় শোক দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান 'এর স্মৃতির প্রতি জানাই গভীর শ্রদ্ধাঞ্জলি



### বাজার চাহিদা অনুযায়ী কৃষি পণ্য উৎপাদনের পরিকল্পনা করুন

■ একতাই শক্তি। অতএব, কৃষি পণ্যের ন্যায্য মূল্য প্রাপ্তি ও বাজারজাতকরণ দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সমবায় ভিত্তিক বিপণন ব্যবস্থা গড়ে তুলুন। এতে বড় বাজারসমূহে পণ্য নেয়া ও বিক্রি সম্ভব হবে এবং আপনার আয় বাড়বে।

■ গ্রামীণ পর্যায়ে ফলমূল ও শাক-সবজির স্বাস্থ্যসম্মত ক্ষুদ্র প্রক্রিয়াজাতকরণ ব্যবস্থা গড়ে তুলুন। প্রক্রিয়াজাতকৃত পণ্য পরবর্তী সময়ে ব্যবহার বা বিক্রির ব্যবস্থা করুন। এতে আপনার আয় বৃদ্ধি পাবে।

■ জমি থেকে ফসল কাটা বা তোলা এবং মাড়াই-এর সময় যত্নবান হোন। এতে ফসলের উৎপাদনজনিত ক্ষয়ক্ষতি হ্রাস পাবে।

■ ক্রেতার দৃষ্টি আকর্ষণের জন্য ফসল থ্রেডিং করে বিক্রয়ের ব্যবস্থা করুন যা আপনার পণ্যের ভাল মূল্য পেতে সাহায্য করবে।

■ ফসলের গুণাগুণ যাতে নষ্ট না হয় সেদিকে খেয়াল রাখুন এবং তার জন্য উপযুক্ত ব্যবস্থা নিন।

■ উপযুক্ত ও সঠিক উপায়ে কৃষি পণ্য সংরক্ষণ করুন এবং উপযুক্ত সময়ে বিক্রি করে আপনার আয় বৃদ্ধি করুন। এ ব্যাপারে নিকটস্থ শস্য গুদাম ঋণ প্রকল্পের গুদামসমূহে কম খরচে শস্য পণ্য সংরক্ষণ ও ঋণ প্রাপ্তির সুযোগ নিতে পারেন।

■ স্বাস্থ্যসম্মত ব্যবস্থায় প্রক্রিয়াজাত করবেন। এতে পণ্যের সুনাম বৃদ্ধির পাশাপাশি অপচয় রোধ এবং দেশী ও আন্তর্জাতিক বাজারে গড় মৌসুমে পণ্য সরবরাহ সম্ভব হবে।

■ প্রয়োজনীয় বাজার তথ্য আপনার কৃষি পণ্যের উপযুক্ত মূল্য প্রাপ্তির ক্ষেত্রে খুবই সহায়ক। পচনশীল পণ্য দ্রুত বিক্রয়ের ব্যবস্থা নিবেন।

■ কৃষি পণ্য উৎপাদন ও বিপণন খরচের খাতগুলো চিহ্নিত করুন এবং অপ্রয়োজনীয় ব্যয় হ্রাস করুন। এতে আপনার পণ্যের উপযুক্ত মূল্য প্রাপ্তি নিশ্চিত হবে।

■ ঔষধের চেয়ে পথ্য ভালো। অপুষ্টিজনিত রোগে অসুস্থতার চিকিৎসার আগেই সুস্বাদু খাদ্য গ্রহণ করে রোগ প্রতিরোধ করুন।

■ আলু শুধু সবজিই নয়, প্রধান খাদ্যও বটে। পৃথিবীর অনেক দেশেরই প্রধান খাদ্য আলু।

■ খাদ্য হিসাবে আলু, ভাত ও আটার মতই পুষ্টিকর। তাই বেশী করে আলু খান এবং সুস্থ, সবল কর্মক্ষম থাকুন।

■ মিষ্টি আলু একটি পুষ্টিকর খাবার। উন্নতজাতের মিষ্টি আলুতে রয়েছে বাড়তি পুষ্টি ভিটামিন 'এ' যা রাতকানা রোগ ও অন্ধত্ব প্রতিরোধে সাহায্য করে। তেল মিশিয়ে খেলে মিষ্টি আলু থেকে পুষ্টি বেশী পাওয়া যায়।


■ মৌসুম সময়ে বেশী করে আলু খেয়ে চাল সংরক্ষণ করুন।

■ জীবন ধারণের জন্য শরীরের প্রয়োজনীয় পুষ্টি সরবরাহের একটি উৎকৃষ্ট উৎস হচ্ছে সয়াবিন। অন্যান্য ডাল এবং দানা জাতীয় শস্যের তুলনায় সয়াবিন দামে কম কিন্তু দ্বিগুণ প্রোটিন সম্পন্ন।

■ স্বল্প খরচে কুলিং চেম্বার স্থাপন করে সবজি, পিঁয়াজ ও ফল সংরক্ষণের ব্যবস্থা নিন। কৃষি ব্যবসার ক্ষেত্রে এটি নতুন দিগন্তের সূচনা করবে।

■ ভূট্টা এবং এর গাছ-পাতা মানুষ, হাঁস-মুরগী ও পশু সবার জন্যই একটি উত্তম ও পুষ্টিকর খাদ্য। উৎপাদিত ভূট্টা ফিড মিল মালিকদের কাছে বিক্রি করে অধিক লাভবান হোন।

■ সূর্যমুখীর তেল রান্না ও খাদ্য উভয় কাজেই ব্যবহার করা যায়। সূর্যমুখী তেল হৃদরোগীদের জন্য উত্তম।



## কৃষি বিপণন অধিদপ্তর

খামারবাড়ি, ঢাকা-১২১৫